# Times Today BD

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 27 June, 2025

লালমনিরহাট প্রতিনিধিঃ লালমনিরহাট সদর উপজেলায় মোটরসাইকেল ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে গোলাম জাকারিয়া প্লাবন (২৪) নামের এক যুবক নিহত হয়েছেন।এ ঘটনায় আরও দুইজন যুবক আহত হয়েছেন।

শুক্রবার (২৭ জুন) দুপুরে লালমনিরহাট সদর উপজেলার গীদালের তেপতি এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত প্লাবন জেলার কালীগঞ্জ উপজেলার মদাতী ইউনিয়নের শাখাতি গ্রামের গোলাম রহমান বাদশার ছেলে।আহতরা হলেন, মাহাথির মোহাম্মদ ফুয়াদ (২২) ও আতিকুর রহমান রিজু (৩২)।

পুলিশ ও স্থানীয়রা জানান, শুক্রবার দুপুরে তিনজন যুবক মোটরসাইকেলে করে বড়বাড়ির এলাকার দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে গীদালের তেপতি এলাকায় একটি ট্রাকের সঙ্গে মোটরসাইকেলটির মুখোমুখি সংঘর্ষ হয়।এতে ঘটনাস্থলেই প্লাবন মারা যান।পরে আহতদের উদ্ধার করে রংপুর মেডিক্যাল হাসপাতালে নেয়া হয়।

বিষয়টি নিশ্চিত করেছেন লালমনিরহাট সদর থানার উপ পরিদর্শক (এসআই) রওশন ইসলাম।

মোটরসাইকেল ও ট্রাক সংঘর্ষ দুর্ঘটনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:55

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073806